

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৯
কুমারঘাট, ২১ জুন, ২০২৪

আন্দারছড়া ভিলেজে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

পেঁচারখল ব্লকের পূর্ব আন্দারছড়া ভিলেজের কাইপেয়া এসবি স্কুলে গতকাল এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২৫টি পিআরটিসি ও ৪৬টি এসটি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে ১১ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। শিবিরে ১৮ জন রিয়াং জনজাতিদের আয়ুস্মান কার্ড এবং ১৫টি আধার কার্ডের জন্য অন লাইনে আবেদনপত্র পূরণ করা হয়। বন দপ্তর থেকে ৫২ জনকে ফলের চারা দেওয়া হয়। শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে গৃহপালিত পশুপাখির জন্য বিনামূল্যে ঔষধ এবং স্বাস্থ্য দপ্তর থেকে ২০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। প্রশাসনিক শিবিরে ব্লকের বিএসি'র চেয়ারম্যান সজল চাকমা, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, বিডিও সাগর দেববর্মা সহ পূর্ত, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, জলসম্পদ, বিদ্যুৎ, প্রাণীসম্পদ বিকাশ, বিদ্যালয় শিক্ষাসহ অন্যান্য দপ্তরের মহকুমার স্তরের আধিকারিকদের উপস্থিতিতে সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
